# আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬ : ২২৬

## আরবি মূল আয়াত:

وَ اَنَّهُمۡ یَقُوۡلُوۡنَ مَا لَا یَفۡعَلُوۡنَ ﴿۲۲۶﴾

## অনুবাদসমূহ:

আর নিশ্চয় তারা এমন কথা বলে, যা তারা করে না। — আল-বায়ান

আর তারা যা বলে তা তারা নিজেরা করে না। — তাইসিরুল

এবং যা তারা করেনা, তা বলে। — মুজিবুর রহমান

And that they say what they do not do? - — Sahih International

২২৬. এবং তারা তো বলে এমন কথা, যা তারা করে না।

-

তাফসীরে জাকারিয়া

(২২৬) এবং তা বলে, যা করে না। [1]

[1] কবিদের মধ্যে অধিকাংশ কবিই যেহেতু এ রকম হয় যে, তারা প্রশংসা ও নিন্দায় কোন প্রকার নিয়ম-নীতির ধার ধারে না। বরং কবিতায় নিজ ব্যক্তিগত পছন্দ ও অপছন্দ অনুযায়ী রায় প্রকাশ করে থাকে। তাছাড়া কবিতা রচনায় তারা অতিরঞ্জন করে, বাড়া-বাড়ি ও অতিশয়োক্তি ব্যবহার করে এবং কবিত্ব কল্পনায় কখনও এদিক কখনো ওদিক নিরুদ্দেশ ভ্রমণ করতে থাকে। সেই কারণে মহান আল্লাহ বলেছেন, তাদের অনুসরণ যারা করবে তারাও পথভ্রষ্ট। এই ধরনের কবিতার জন্য হাদীসেও বলা হয়েছে, কবিতা দ্বারা নিজের উদর পূর্ণ করার চেয়ে রক্ত-পুঁজ দিয়ে উদর পূর্ণ করাই উত্তম। (তিরমিযীঃ আদব অধ্যায়, মুসলিম প্রভৃতি) এখানে এ কথাটি বলার অর্থ হল, আমার নবী; না জ্যোতিষী, আর না কবি। কারণ এরা দুজনেই মিথ্যুক। সুতরাং অন্য জায়গায়ও নবী (সাঃ)-কে কবি ধারণা করার কথা দৃঢ়ভাবে খন্ডন করা হয়েছে। (সূরা ইয়াসীন ৬৯ আয়াত, সূরা হাক্কাহ ৪০-৪৩ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3158

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন